# টেক্সটাইল শিল্পে তরল বর্জ্য পরিশোধনাগার (ই টি পি) অপারেটরদের প্রশিক্ষণ কর্মশালা

Promotion of Sustainability in the Textile and Garment Industry in Asia-FABRIC



Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH

FABRIC Asia

# ইটিপি এর জন্য সাধারণ শর্তসমূহ

## GIZ FABRIC – ই টি পি অপারেটর কর্মসূচী

# বিষয়বস্তু



- উত্তম তরল বর্জ্য পরিশোধনাগার সংজ্ঞায়িতকরণ
- প্রয়োজনীয় ইটিপি কর্মী
- আদর্শ পরিচালনা পদ্ধতির ব্যবহার

# উত্তম তরল বর্জ্য পরিশোধনাগার সংজ্ঞায়িতকরণ

# উত্তম তরল বর্জ্য পরিশোধনাগার



**একটি উত্তম ইটিপি...**

- **কাজের আদর্শ মানদণ্ড** অনুযায়ী পরিকল্পিত
- আন্তর্জাতিকভাবে স্বীকৃত গুণগত স্ট্যান্ডার্ড অনুযায়ী তৈরিকৃত
- **উত্তম সরঞ্জামাদি** এবং **নিয়ন্ত্রণ** দ্বারা সজ্জিত
- ডিওই কর্তৃক নির্ধারিত সকল স্ট্যান্ডার্ড অনুযায়ী **সুষ্ঠুভাবে পরিচালিত**
- স্টেকহোল্ডার, ক্রেতা এবং সরকারী কর্তৃপক্ষ দ্বারা **পর্যবেক্ষিত এবং প্রত্যয়িত।**
- নিশ্চিত দীর্ঘ জীবন, ঝামেলামুক্ত অপারেশন এবং সর্বনিম্ন ডাউন টাইম নিশ্চিত করার জন্য **উত্তমভাবে রক্ষণাবেক্ষণকৃত**।

# উত্তম তরল বর্জ্য পরিশোধনাগার




## একটি উত্তম ইটিপি...

- পরিকল্পনা থেকে পরিচালনা পর্যন্ত উত্তম চর্চার ফল
- অপারেশন চলাকালীন নির্ভরযোগ্যতা এবং কম রক্ষণাবেক্ষণ খরচের কারণে দীর্ঘমেয়াদে কম ব্যয়বহুল

# ইটিপি পরিচালনার জন্য প্রয়োজনীয় কর্মী

# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি কর্মীদের সাধারণ শ্রেণী বিভাগ






giz

# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি ম্যানেজার

জাহাজের অধিনায়কের মতো,

- ইটিপি এর সর্বোত্তম কার্যকারিতা নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত
- উত্তম দল দ্বারা সমর্থিত (ইটিপি অপারেটরগণ হলেন দলের মূল সদস্য)

ইটিপি ম্যানেজারদের সাধারণ যোগ্যতা:

- প্রকৌশলী (যন্ত্র প্রকৌশল/কেমিক্যাল/পরিবেশ প্রকৌশল) অথবা বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর (রসায়ন/পরিবেশ বিজ্ঞান)
- ছোট ইটিপিতে কেমিস্ট হিসেবেও কাজ করতে হয়। (তবে এই দুটিকে ভিন্ন পোস্ট হিসেবে রাখাই উত্তম)।



# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি ম্যানেজার

ভূমিকা এবং দায়িত্ব

- পরিদর্শকদের জন্য প্রথম সারির যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করা, ডিওই কর্মকর্তা অথবা ক্রেতা/ব্র্যান্ড সমূহ → ইটিপি এবং কারোখানা সম্পর্কিত জ্ঞান এবং পেশাগত উপস্থিতির জন্য যোগাযোগের মাধ্যম
- “সকল কাজের কাজী” হওয়া, কমপক্ষে তড়িৎ রক্ষণাবেক্ষণ থেকে শুরু করে ল্যাবরেটরি বিশ্লেষণের মৌলিক জ্ঞান রাখা।
- ইউনিট অপারেশন এবং ইটিপিতে অণুজীববিদ্যা ও পরিবেশগত রসায়নের প্রয়োগের পুঙ্খানুপুঙ্খ জ্ঞান রাখা
- কাজের অভিজ্ঞতা থাকতে হবে
  - ল্যাবরেটরির বিভিন্ন অপারেশনে
  - ইটিপি ল্যাবরেটরি কেমিস্ট কর্তৃক দেয়া ফলাফল যাচাই করার জন্য প্রক্রিয়াসমূহ পরীক্ষণ



# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি ম্যানেজার

একজন উত্তম ইটিপি ম্যানেজারের কার্যক্রম এবং বৈশিষ্ট্যসমূহ

- জার টেস্ট এবং জৈব-স্লাজ সেটলিং সম্পর্কিত পরীক্ষা পরিচালনা করা এবং ফলাফল ব্যাখ্যা করা
- ইটিপি সদস্য এবং কর্মীদের জন্য কাজের সাপ্তাহিক রোস্টার তৈরি,
- প্রত্যেক ক্যাটাগরির কর্মীদের জন্য কাজ এবং দায়িত্ব নির্দিষ্ট করে দেয়া এবং তাদেরকে অবহিত রাখা
- জটিল অবস্থায় সিদ্ধান্ত নেয়া এবং নেতৃত্ব দেয়ার সক্ষমতা রাখা
- অপরিশোধিত তরল বর্জ্যের মান বিশ্লেষণের উপর ভিত্তি করে কেমিক্যাল এবং পুষ্টির ডোজ সম্পর্কিত সিদ্ধান্তগ্রহণে দক্ষতা থাকা
- অন্তর্বর্তীকালীন পরিশোধনের ফলাফলের উপর ভিত্তি করে সমন্বয়ের জন্য পরিবর্তন সাধনে দক্ষতা থাকা



# ইটিপি পরিচালনার জন্য


## ইটিপি ম্যানেজার

একজন উত্তম ইটিপি ম্যানেজারের কার্যক্রম এবং বৈশিষ্ট্যসমূহ (অব্যহত)

- সাধারণ অপারেশন প্যারামিটার, সম্মুখিত সমস্যাবলি এবং ভবিষ্যতে মসৃণ অপারেশন চালানোর জন্য দলের সাথে সাপ্তাহিক পর্যালোচনার আয়োজন করা।
- প্রতি মাসে বিভিন্ন শিফটে কর্মীদের দায়িত্বে পালাক্রমে পরিবর্তন নিশ্চিত করা।
- পরিবেশগত প্রকৌশল এবং তরল বর্জ্য পরিশোধনে (নতুন যন্ত্রপাতি সহ) নতুন প্রযুক্তি এবং উদ্ভাবন সম্পর্কে শিখার জন্য প্রস্তুত থাকা
- অন্যান্য প্ল্যান্ট ম্যানেজারদের সাথে অভিজ্ঞতা ভাগাভাগি করার সুযোগ গ্রহণ করা



# ইটিপি পরিচালনার জন্য



## ইটিপি ল্যাবরেটরি কেমিস্ট


ইটিপি এর নিয়ন্ত্রণ এবং প্রক্রিয়ায় (ডোসেজ, অ্যারেশন,..) সমন্বয় সাধনের জন্য ইটিপি ম্যানেজারকে মূল্যবান তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত।

সাধারণ যোগ্যতা সমূহ

- যোগ্যতা সম্পন্ন কেমিস্ট অথবা কেমিক্যাল বিশ্লেষক
- রসায়ন/পরিবেশ বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর
- পরিবেশগত ল্যাবরেটরিতে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন
- পানি এবং তরল বর্জ্যের রসায়ন সম্পর্কে বিশেষ জ্ঞান সম্পন্ন

# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি ল্যাবরেটরি কেমিস্ট



ভূমিকা এবং দায়িত্ব

- তরল বর্জ্য নমুনায়ন (ছোট ইটিপিতে, ইটিপি অপারেটরদের দ্বারা না সম্পন্ন হলে)
- পানি বা তরল বর্জ্যের নমুনা সংরক্ষণ করা
- ল্যাবরেটরির কেমিক্যাল এবং যন্ত্রপাতি ব্যবহারের জন্য প্রস্তুত করা
- বিভিন্ন পরিবেশগত প্যারামিটার যেমন pH, SS, BOD, COD, TDS, ইত্যাদি পরীক্ষা করার জন্য আদর্শ বিশ্লেষণমূলক পদ্ধতির প্রয়োগ।
- ইটিপিতে ব্যবহৃত পরিশোধন কেমিক্যালের গুণমান পরীক্ষা করা
- ইটিপি এর গুণমান পর্যবেক্ষণ রেকর্ড বজায় রাখা এবং পারফর্ম্যান্স বিশ্লেষণ সংগ্রহ করে ইটিপি ম্যানেজারকে প্রদান করা

# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি অপারেটর

ইটিপি এর দৈনন্দিন কাজের দায়িত্বে নিয়োজিত; ইটিপি ম্যানেজারের অনুপস্থিতিতে একজন ইটিপি অপারেটর ইটিপির পূর্ণ দায়িত্ব প্রাপ্ত হন।

একজন ইটিপি অপারেটরের সাধারণ যোগ্যতা সমূহ

- টেকনিক্যাল ভাবে যোগ্যতাসম্পন্ন (মেকানিক/ইলেক্ট্রিশিয়ান/কেমিস্ট), তবে ভালো অভিজ্ঞতাসম্পন্ন নন-টেকনিক্যাল ব্যক্তিও উপযুক্ত
- ইউনিট অপারেশন এবং তরল বর্জ্য পরিশোধনের মৌলিক জ্ঞান



# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি অপারেটর

ভূমিকা এবং দায়িত্ব

- ইটিপি ম্যানেজারের নির্দেশনা অনুযায়ী ইটিপি ইউনিট পরিচালনা,
- ইটিপি ম্যানেজারের অনুপস্থিতিতে অপারেশন সমন্বয় এবং সংশোধণী কার্যক্রম গ্রহণ
- মৌলিক (প্রতিরোধমূলোক) রক্ষণাবেক্ষণ সামলানো এবং গুরুত্বপুর্ণ ইউনিট যেমন কেমিক্যাল মিশ্রণ, ডোজিং, নমুনায়ন, স্লাজ অপসারণে (যেমনঃ তেল এবং গ্রিজ দেয়া) দায়িত্ব পালন
- বৈদ্যুতিক/যান্ত্রিক রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ানদের প্রতিরোধমূলক এবং ব্রেকডাউন রক্ষণাবেক্ষণমূলক কাজে সহায়তা করা



# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি অপারেটর – ZDHC এর প্রত্যাশা অনুযায়ী

- ইটিপি পরিচালনা এবং ব্যবস্থাপনার প্রত্যক্ষ অভিজ্ঞতা
- প্রশিক্ষিত এবং নির্দিষ্ট যোগ্যতার স্কোরে অপারেটর হিসেবে নিজেকে যোগ্যতাসম্পন্ন প্রমাণের জন্য প্রয়োজনীয় জ্ঞানের গভীরতা প্রদর্শনে সক্ষম
- বিভিন্ন পদমর্যাদার অপারেটর (নির্দিষ্ট যোগ্যতার স্কোরের উপর ভিত্তি করে)
  - প্রধান অপারেটর
  - সিনিয়র শিফট অপারেটর
  - রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ান



# ইটিপি পরিচালনার জন্য



## ইটিপি রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ান

ইটিপি এর টেকনিক্যাল রক্ষণাবেক্ষণ কাজের দায়িত্বপ্রাপ্ত (মেরামত এবং অন্যান্য রক্ষণাবেক্ষণ কার্যক্রম)

- সাধারণত নিবেদিত রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ানগণ বড় ইটিপির ইটিপি কর্মীদের অংশ
- সাধারণত তারা কারখানা রক্ষণাবেক্ষণ দলের অংশ

ইটিপি রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ানদের সাধারণ যোগ্যতা (মূল এরিয়ার উপর ভিত্তি করে সাধারণত ফিটার এবং ইলেক্ট্রিশিয়ান)

- ইলেক্ট্রিশিয়ান: আইটিআই প্রকৌশলী, কারখানার আকার এবং ধরন অনুযায়ী ডিপ্লোমাধারী অথবা ডিগ্রিধারী
- ফিটার: আইটিআই সার্টিফিকেট/ডিপ্লোমা/প্রকৌশল ডিগ্রিধারী যন্ত্র প্রকৌশলী



# ইটিপি পরিচালনার জন্য



## ইটিপি রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ান

ভূমিকা এবং দায়িত্ব

- অ্যাম্পারেজের মতো বৈদ্যুতিক পাঠের **নিয়মিত পরীক্ষা** করা অপারেটরের দায়িত্ব,
- **বৈদ্যুতিক মেরামত** করা (এর জন্য যোগ্যতাসম্পন্ন বিদ্যুৎ মিস্ত্রির প্রয়োজন)
- অপারেশনে ব্যবহৃত যন্ত্রপাতি অপসারণ, প্রতিস্থাপন এবং **মেরামত** করা (যেমন: অ্যারেটর, পাম্প, ভাল্ভ, পাইপ) → ওয়েল্ডিং, লেদ সংশ্লিষ্ট কাজে বিশেষায়িত স্থানীয় কর্মশালায় সাধারণভাবে ঘটিত কাজ
- ত্রুটি এবং চূড়ান্ত ব্যর্থতার কারণ শনাক্ত করা



# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ান

বিবেচনার জন্য সাধারণ উত্তম অনুশীলন সমূহ

- যেসব ইটিপিতে কারখানার পুল থেকে রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ান নেয়া হয়→ **ইটিপির সমস্যার সাথে পরিচিত** এমন রক্ষণাবেক্ষণ কর্মীকে নিয়োগ দেয়াই উত্তম
- দ্রুততম সময়ে সেবা পাওয়ার জন্য ইটিপি ম্যানেজার এবং অপারেটরদেরকে রক্ষণাবেক্ষণ সুপারভাইজরের সাথে সার্বক্ষণিক **যোগাযোগ** রাখতে হবে।
- উপযুক্ত রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ান দ্বারা যন্ত্রপাতি এবং মোটরের **মাসিক রুটিন মাফিক পরীক্ষা** আদর্শ পদ্ধতিতে চালাতে হবে
- যন্ত্রপাতি অথবা ইউনিটের পরিচর্যা এবং/অথবা প্রতিরোধমূলক **রক্ষণাবেক্ষণ পরিকল্পনা** প্রণয়ন এবং কঠোরভাবে অনুসরণ করতে হবে।



# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি সহকারী কর্মী (সাধারণ শ্রমিক/সহকারী)

ইটিপি এর সকল সহায়ক কর্মকাণ্ডের মেরুদণ্ড, যেমন: যেকোনো ট্যাংকের জমা অধঃক্ষেপ পরিষ্কার করা, রক্ষণাবেক্ষণের স্থান প্রস্তুত করা, ইটিপি অপারেটর এবং রক্ষণাবেক্ষণ টেকনিশিয়ানদের জন্য তারা সহায়ক হিসেবে কাজ করেন।

- সাধারণত ২-৩ জন স্থায়ী সহকারী ইটিপিতে নিয়োজিত থাকেন; অতিরিক্ত সহকারীদের প্রয়োজনের ভিত্তিতে নিয়োগ দেয়া হয়

**গুরুত্বপূর্ণ:**

- ইটিপি সহকারীদেরকে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে
- কাজের উপর ভিত্তি করে নিরাপত্তা গ্যাজেট (যেমন: পিপিই) প্রদান এবং ব্যবহার নিশ্চিত করতে হবে
- জরুরি ক্ষেত্রে ইটিপি অপারেটরদের নির্দিষ্ট দায়িত্ব পালনের জন্য ইটিপি এর মৌলিক অপারেশনের উপর অতিরিক্ত প্রশিক্ষণের ব্যবস্থা বিবেচনায় রাখতে হবে





giz

# ইটিপি পরিচালনার জন্য

## ইটিপি সহকারী কর্মী (সাধারণ শ্রমিক/সহকারী)

ভূমিকা এবং দায়িত্ব

- ইটিপি অপারেটরকে বিভিন্ন পরিশোধন ইউনিট রক্ষণাবেক্ষণে সহায়তা করা
- ইটিপি এর কাঠামো, এলাকা, মেঝে, ঘর, সরঞ্জাম, ট্যাংক, পাত্র, বেড, ইত্যাদি পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করা
- অপসারণ, লোডিং, বর্জ্য বহন, স্ক্রিনিং, স্টোর এবং প্রয়োজনানুসারে অন্যান্য উপাদান পরিবহন
- পরিশোধন কেমিক্যাল কেমিক্যাল স্টোর থেকে কেমিক্যাল প্রস্তুতির ট্যাংক অথবা ডোজিং ইউনিটে সরানো



# ইটিপি পরিচালনার জন্য

**ইটিপি অপারেটরের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে সচেতন থাকুন!**

- ইটিপি ম্যানেজার ইটিপি অপারেশন নিয়ন্ত্রণ করলেও, ইটিপি এর কর্মদক্ষতা পুরোপুরি ইটিপি অপারেটরের কর্ম দক্ষতার উপর নির্ভর করে
- ইটিপি অপারেটর ইটিপি অপারেশন না বুঝলে ইটিপি ব্যর্থতার উচ্চ ঝুঁকি থাকে।



# ইটিপি পরিচালনার জন্য

**ইটিপি অপারেটরের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে সচেতন থাকুন!**

যেভাবে ইটিপি অপারেটরগণ **২৪ ঘন্টা ইটিপি অপারেশন** দেখাশোনা করেন

- প্রকৃত ইটিপি অপারেশন সামলানো, ভাল্‌ভ ঘুরানো, সুইচ টেপা, নমুনা সংগ্রহ, যন্ত্রপাতিতে তেল দেয়া, গেজের পাঠ নেয়া এবং তথ্য সংগ্রহ করা।
- স্ক্রিন, গ্রিট অপসারণ যন্ত্রপাতি, পাম্প, অ্যারেটর, ভালভ ইত্যাদিকে পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের মাধ্যমে তরল বর্জ্য এবং স্থিরকৃত স্লাজকে বিভিন্ন ইউনিটে পরিশোধনের জন্য অথবা পরিশোধনের পর চালনা করা
- প্রাইমারি এবং সেকেন্ডারি স্লাজের সেটেলেবিলিটি পরীক্ষা পরিচালনার মাধ্যমে প্ল্যান্টের কার্যক্রম পরীক্ষা করা
- প্রয়োজনীয় স্থানে pH, DO এবং তাপমাত্রা স্পট-চেক করা
- প্রতিরোধ মূলক এবং ব্রেকডাউন রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনা করা
- রেকর্ড পরিদর্শন এবং পরিশোধন অবস্থার পর্যবেক্ষণ



# ইটিপি পরিচালনার জন্য

**ইটিপি অপারেটরের গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পর্কে সচেতন থাকুন! (অব্যাহত)**

যেভাবে ইটিপি অপারেটরগণ **২৪ ঘন্টা ইটিপি অপারেশন** দেখাশোনা করেন

- সকল ইউনিট অপারেশনকে  অন্তর্ভুক্ত করে এমন বিভিন্ন নমুনা সংগ্রহের স্থান থেকে নমুনা সংগ্রহ করে এদেরকে দূষণ হতে সংরক্ষণ করে ল্যাবরেটরি বিশ্লেষণের জন্য পাঠানো
- সঠিকভাবে চালুকরণ, অপারেশন, বন্ধ করণ এবং বার স্ক্রিন, তেলের কৌটা, ইকুয়ালাইজেশন ট্যাংক, অ্যারেশন ট্যাংক, সেটেলিং ট্যাংক, সংগ্রাহক ট্যাংক, চাপীয় বালুর ছাকুনি, ইত্যাদি পরিশোধন পদ্ধতি রক্ষণাবেক্ষণের সাথে যুক্ত থাকা
- ইটিপি এর পরিচ্ছন্নতা বজায় রাখা
- নিজের এবং অপরের নিরাপত্তার দায়িত্ব নেয়া



# ইটিপি পরিচালনার জন্য

## প্রশিক্ষণ এবং কর্মজীবনের সম্ভাবনা

ইটিপিতে একজন কর্মীর জন্য তার কাজের বর্তমান পদ নির্বিশেষে জ্ঞান এবং দক্ষতার (কী এবং কীভাবে) অর্জনের উপর মনোযোগ দিয়ে প্রশিক্ষণ এবং শিক্ষা গ্রহণ চলমান রাখা গুরুত্বপূর্ণ।

- কাজের জন্য প্রশিক্ষণ (ইটিপি এর বাইরে আনুষ্ঠানিক প্রশিক্ষণ)
- কর্মক্ষেত্রে প্রশিক্ষণ (সুপারভাইজরের তত্ত্বাবধানে, প্রায়োগিক কাজ)

ইটিপিতে কাজের জন্য প্রচলিত পথ (যেমন: অপারেটর এবং টেকনিশিয়ান পর্যায়):

- সেবক অথবা প্রশিক্ষণার্থী অপারেটর হিসেবে শুরু করা যেতে পারে এবং অভিজ্ঞতা সম্পন্ন অপারেটরদের দিকনির্দেশনা অনুযায়ী দক্ষতা অর্জন করা যেতে পারে।
- পর্যবেক্ষণের এবং নিয়মিত কাজ যেমন মিটার পাঠ লিপিবদ্ধ করা, নমুনা গ্রহণ করা, পাম্পের সাধারণ রক্ষণাবেক্ষণ এবং বৈদ্যুতিক মোটর, ভাল্‌ভ এবং প্ল্যান্ট সরঞ্জামের মেরামত কাজ করার মাধ্যমে শেখা।



giz

# আদর্শ পরিচালনা পদ্ধতির ব্যবহার


# আদর্শ পরিচালনা

**উদ্দেশ্য**

- দিকনির্দেশনা এবং সূত্র প্রদানের জন্য
  - সকল ইটিপি অপারেশন (শুরু করা, সাধারণ অথবা জরুরি বন্ধ করা)
  - ইটিপি রক্ষণাবেক্ষণ কাজ পরিকল্পনা এবং বাস্তবায়ন করা
- যেসবের ভিত্তি হিসেবে এটি কাজ করবে
  - কার্য নির্দেশনা তৈরিতে এবং
  - ইটিপি কর্মীদের প্রশিক্ষণের জন্য

**গুরুত্বপূর্ণ**


- পরিশোধন কার্যাবলি এবং স্থাপিত ইউনিটের জন্য নির্দিষ্ট হতে হবে



# আদর্শ পরিচালনা

## সাধারণ চ্যালেঞ্জ সমূহ


- প্রায়ই প্রদত্ত পরামর্শদাতা/ঠিকাদার ইটিপি স্থাপন/উন্নতি সাধন করেন
- অনেক ব্যাপক এবং দীর্ঘ
- প্রায়ই টেকনিক্যাল বিবরণ লিখিত বিবরণ অথবা সাধারণ লিফলেট/পাম্প, ব্লোয়ার, ইত্যাদির পারফর্ম্যান্স কার্ভ এবং আদর্শ রক্ষণাবেক্ষণের তথ্য থেকে নকল করা হয়
- সাধারণত এটি ইটিপি কর্মীদের বোধগম্য স্থানীয় ভাষায় না হয়ে ইংরেজিতে হয়।
- আদর্শ পরিচালনা পদ্ধতি থাকলেও তা সাধারণত ইটিপি ম্যানাজার অথবা অপারেটর কর্তৃক ব্যবহৃত হয় না। পরিবর্তে ইটিপি অপারেশন প্রচলিত নিয়মে এবং শুদ্ধাশুদ্ধি প্রণালিতে পরিচালিত হয়।



# আদর্শ পরিচালনা

## উত্তম অনুশীলন সমূহ – আদর্শ পরিচালনা পদ্ধতি (SOP) ম্যানুয়াল

- ব্যবহৃত ইটিপি এর জন্য নির্দিষ্ট এসওপি থাকবে, ইটিপির নিজস্ব পরিশোধন প্রণালি এবং ইউনিট অনুযায়ী
- সম্পূর্ণ ম্যানুয়াল অথবা প্রাসংগিক অংশ গুলোকে স্থানীয় ভাষায় (যেমন: বাংলা) অনুবাদ করতে হবে এবং পুরো ইটিপি দলের জন্য সেগুলো সহজলভ্য হতে হবে।
- প্রাসংগিক পাতাগুলোকে প্রিন্ট, ল্যামিনেট এবং পেস্ট করে বিভিন্ন পরিশোধন ইউনিটে রেফারেন্স হিসেবে টানিয়ে রাখতে হবে
- ইটিপি স্থাপনে পরিবর্তন অথবা উন্নতি সাধিত হলে পুনঃমূল্যায়ন এবং সংশোধন করতে হবে।
- ভালো পরিচালনা এবং নির্দেশনা ও প্রশিক্ষণের উল্লেখ থাকতে হবে






giz

# আদর্শ পরিচালনা

## ম্যানুয়ালে প্রস্তাবিত ন্যুনতম বিষয়বস্তু

- ইনলেট থেকে শুরু করে পরিত্যাগের মুখ পর্যন্ত পরিশোধন ইউনিটের সংক্ষিপ্ত বিবরণ (চিত্র এবং রূপরেখা সহ)
- ধাপে ধাপে অপারেশনের সহজ নির্দেশাবলি
- সাধারণ এবং ইউনিট নির্দিষ্ট করণীয় ও বর্জনীয়
- ইউনিট পরিচালনার সময় নিরাপত্তাজনিত পূর্ব সতর্কতা।
- আদর্শ রক্ষণাবেক্ষণ পূর্ব শর্তের বিবরণ এবং নির্দেশাবলি (যেমন: তেল এবং গ্রিজের ব্যবহার, বৈদ্যুতিক পরীক্ষা)
- পর্যবেক্ষণ এবং রেকর্ড সংরক্ষণের ব্যাপারে নির্দেশনা।
- রক্ষণাবেক্ষণ করতে হবে এমন প্রয়োজনীয় খুচরা জিনিসপত্রের তালিকা এবং ইনভেন্টরি।
- সাধারণ সমস্যা এবং তাদের সমাধান সম্পর্কিত নির্দেশাবলি।
- সেবা প্রতিনিধি, খুচর যন্ত্রাংশ সরবরাহকারীদের যোগাযোগ নাম্বার।



# আদর্শ পরিচালনা

## অনুশীলন

### SOP ম্যানুয়ালে কোন নির্দিষ্ট তথ্যগুলো খুঁজতে হবে

আপনি ইতোমধ্যেই ইটিপি পরিচালনা ম্যানুয়ালে প্রস্তাবিত ন্যুনতম বিষয়বস্তু সম্পর্কে জানতে পেরেছেন।

- আপনার নির্ধারিত গ্রুপে পরবর্তী দশ মিনিটের জন্য চটপট আলোচনা করুন, আরো কোন কোন নির্দিষ্ট তথ্য আপনি পরিচালনা ম্যানুয়ালে খুজে পেতে চান। আপনার ধারণা এবং অভিজ্ঞতা ভাগাভাগি করুন।
- আপনাদের গ্রুপের কাজ উপস্থাপনের জন্য একজনকে মনোনীত করুন।



# আদর্শ পরিচালনা




## ম্যানুয়ালে কোন নির্দিষ্ট তথ্যগুলো খুঁজতে হবে (উদাহরণ সমূহ)

- হাতে পরিষ্কৃত স্ক্রিনের পরিষ্কারের ফ্রিকুয়েন্সি, স্ক্রিনিং এর অপসারণ এবং যান্ত্রিক স্ক্রিনের রক্ষণাবেক্ষণ সময়সূচি
- pH সমন্বয় সাধন এবং অ্যারেশন ট্যাংকের ইনলেটে স্থিরকৃত পিএইচ মান বজায় রাখার নির্দিষ্ট তথ্য; এসিডের প্রয়োজনীয় লঘুকরণের ইংগিত এবং প্রয়োজনীয় ডোজের মাত্রা
- শীতলীকরণ টাওয়ারের আউটলেটে তাপমাত্রা অর্জনের নির্দিষ্ট তথ্য এবং শীতলীকরণ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ
- ইটিপিতে ব্যবহার হবে এমন সকল কেমিক্যালের জন্য কেমিক্যাল লঘুকরণ, কেমিক্যাল ডোসেজ ইত্যাদির নির্দেশনা
- সেডিমেন্টেশন ট্যাংকের নিচ থেকে স্লাজ অপসারণের ফ্রিকুয়েন্সি কঠোরভাবে বজায় রাখতে হবে

# আদর্শ পরিচালনা




## ম্যানুয়ালে কোন নির্দিষ্ট তথ্যগুলো খুঁজতে হবে (উদাহরণ সমূহ, চলমান)

- জার টেস্ট ব্যবহার এবং কেমিক্যাল ডোসেজের সমন্বয়ের মাধ্যমে সেটেলিং গবেষণার ফ্রিকুয়েন্সি নির্দেশনা
- বিশেষ বায়োলজিক্যাল পরিশোধনের জন্য আদর্শ পরিচালনা প্যারামিটার সম্পর্কিত তথ্য (যেমন: ফিড মাত্রা, স্লাজ পুনঃচক্রায়নের মাত্রা এবং নষ্ট স্লাজের নিষ্কাশন মাত্রা)
- অ্যারেশন ব্যবস্থায় সর্বনিম্ন মাত্রার দ্রবীভূত অক্সিজেন (DO) বজায় রাখার নির্দিষ্ট তথ্য এবং তাদের নিয়ন্ত্রণের ব্যবস্থা।
- অ্যারেশন ব্যবস্থায় সঠিক অণুজীব উৎপাদন বজায় রাখার জন্য পুষ্টির আদর্শ ডোসেজ গণনার নির্দেশিকা (যেমন: বিওডি গণনা, N:P অনুপাত)
- ফোমিং নিয়ে কাজ করার সময় সুপারিশকৃত প্রতিরোধমূলক ব্যবস্থা (যেমন: রঙ এবং ফোমের ধরন অনুসারে)



giz

# আদর্শ পরিচালনা




**ম্যানুয়ালে কোন নির্দিষ্ট তথ্যগুলো খুঁজতে হবে (উদাহরণ সমূহ, চলমান)**

- স্লাজের কন্ডিশনিং এর নির্দেশিকা, প্রয়োজনে ডোসেজ, প্রয়োগ এবং কন্ডিশনিং কেমিক্যালের হ্যান্ডলিং।
- DO পরীক্ষা করার জন্য নির্দেশনা এবং প্রত্যাবর্তিত স্লাজের অ্যারেশনের প্রয়োজনীয়তা গণনা
- সেকেন্ডারি ক্লারিফায়ারে স্লাজ সেটেলিং সম্পর্কিত সমস্যা নিয়ে কাজ করা এবং তত্ত্বাবধানের নির্দেশনা (যেমন: স্লাজের স্তূপ, পিন পয়েন্ট ফ্লক, স্লাজের ছাই তৈরি হওয়া)
- অতিরিক্ত স্লাজের ব্যবস্থাপনার জন্য নির্দিষ্ট তথ্য (যেমন: প্রাইমারি পরিশোধন থেকে যে পরিমাণ স্লাজ উত্তোলন করতে হবে এবং সেকেন্ডারি পরিশোধনে অতিরিক্ত নষ্ট স্লাজের ঘনমাত্রা)
- স্লাজের পরিপক্কতার জন্য (যেমন: দিন) এবং স্লাজের ডিসপোজালের জন্য পরামর্শ

# আদর্শ পরিচালনা




**ম্যানুয়ালে কোন নির্দিষ্ট তথ্যগুলো খুঁজতে হবে (উদাহরণ সমূহ, চলমান)**

- সকল নির্দিষ্ট প্যারামিটারের জন্য ল্যাবরেটরি তত্ত্বাবধান এবং বিশ্লেষণ প্রোটোকল ও পরীক্ষণ প্রক্রিয়ার নির্দিষ্ট তথ্য
- ইটিপি এর অভ্যন্তরে নিরাপত্তা সতর্কতার নির্দেশনা (তরল বর্জ্য/স্লাজ বহন করে এমন যেকোনো ট্যাংক পরিষ্কার করার সময় কঠোর ভাবে মেনে চলতে হবে) এবং ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) বিশেষ সময়ে ব্যবহার করতে হবে।
- রিঅ্যাজেন্ট এবং কেমিক্যাল সামলানোর নিরাপদ চর্চা সহ ল্যাবরেটরির নিরাপত্তা সতর্কতার নির্দেশনা
- প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ দিকনির্দেশনা (যেমন: সকল যন্ত্রের জন্য তেল এবং গ্রিজ ব্যবহারের ফ্রিকুয়েন্সি; পর্যায়বৃত্তিক রক্ষণাবেক্ষণের সময়সূচি, নির্দিষ্ট রেকর্ড রক্ষণাবেক্ষণ)



giz

# আদর্শ পরিচালনা




## ম্যানুয়ালে অতিরিক্ত তথ্য

- সেবা প্রদানকারীর টেলিফোন নাম্বার সহ যন্ত্রপাতি সরবরাহকারী এবং সেবা প্রতিনিধিত্বকারীদের তালিকা
- স্টোর রুম এবং খুচরা যন্ত্রাংশের ইনভেন্টরি
- সকল যন্ত্রপাতির জটিল প্রতিস্থাপন যন্ত্রাংশ এবং তাদের সংরক্ষণ এলাকার তালিকা
- জরুরি সোর্সিং এর জন্য সরবরাহকারীদের যোগাযোগের তথ্য
- উৎপাদনকারীর ওএন্ডএম লিটারেচার, ওএন্ডএম ম্যানুয়াল, ব্রসিয়ার, পারফর্ম্যান্স কার্ভ এবং অন্যান্য উৎপাদনকারীর লিটারেচার

# মনে রাখতে

মূল বক্তব্য

- উত্তম ইটিপির জন্য উত্তম নকশা এবং গঠন পূর্বশর্ত
- ইটিপির উত্তম পরিচালনা এবং কার্যসম্পাদনা কর্মীদের যোগ্যতা এবং উৎসাহেরর উপর নির্ভরশীল
- ইটিপির ২৪ ঘণ্টা কার্যক্রমের জন্য ইটিপি অপারেটরের ভূমিকা অপরিসীম
- ইটিপির নির্দিষ্ট আদর্শ পরিচালনা পদ্ধতি সকল সাধারণ এবং অনিয়মিত অপারেশনাল অবস্থার নির্দেশনা প্রদান করে
- সকল ইটিপি কর্মীর মূল রেফারেন্স হল ইটিপি আদর্শ পরিচালনা পদ্ধতি ম্যানুয়াল

**Deutsche Gesellschaft für**
**Internationale Zusammenarbeit (GIZ) GmbH**

Registered offices
Bonnand Eschborn

GIZ Bangladesh
PO Box 6091, Gulshan 1
Dhaka 1212, Bangladesh
T +880 2 5506 8744-52, +880 9666 701 000
F +880 2 5506 8753
E giz-Bangladesh@giz.de
I www.giz.de/bangladesh

giz Deutsche Gesellschaft für Internationale Zusammenarbeit (GIZ) GmbH